# নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।

তারিখ : ৩০/১১/২০২২খ্রি.।
সময় : দুপুর ১২:০০ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
আলোচ্য মাস: : অক্টোবর/২০২২খ্রি. ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ২৭/১২/২০২২খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে, UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অক্টোবর/২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি জানান যে গত সভায় স্বাস্থ্য কমপ্লেক্স অপারেশন থিয়াটারে স্বেচ্ছাসেবক হিসেবে বিনাশ্রমে জনাব স্বপন কুমার রায়,পিতা-রাজেন্দ্রনাথ রায়, গ্রাম: বাহাগিলী, ডাকঘর:মীরবাগ,কাউনিয়া, রংপুরকে উপজেলা রাজস্ব তহবিল অর্থায়ানে দৈনিক হাজিরা ভিত্তিক বিল প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া স্বাস্থ্য কমপ্লেক্স অপারেশন থিয়াটারে স্বেচ্ছাসেবক হিসেবে বিনাশ্রমে কাজে নিয়োজিত জনাব স্বপন কুমার রায়, পিতা-রাজেন্দ্রনাথ রায়, গ্রাম: বাহাগিলী, ডাকঘর: মীরবাগ , কাউনিয়া, রংপুরকে দৈনিক হাজিরা ভিত্তিক ভিত্তিতে মাসে ৮,০০০/- টাকা রাজস্ব তহবিল অ-প্রত্যাশিত খাত বিলের চেক প্রদান ও নিয়োগ প্রদানে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২. | অক্টোবর/২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, রবি মৌসুমের ধান, গম, ভুট্টা, সরিষা ইত্যাদি প্রনোদনার বীজ ও সার দেওয়া হচ্ছে। তিনি বলেন যে,২০২২-২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় চর এলাকায় মিষ্টিকুমড়া চাষে উপকরণ সহায়তা প্রদান, কৃষক পর্যায়ে চাহিদা মাফিক সার বিতরণের জন্য কৃষি উপকরণ সহায়তা কার্ড এবং মাশরুম চাষীকে সহায়তা শীর্ষক উপ-প্রকল্প প্রস্তাবনা ইতোপূর্বে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে। চর এলাকায় মিষ্টিকুমড়া চাষ রাসায়নিক সার,জৈবিক বালাইদমন উপকরণ, মাশরুম উদ্যোক্তাকে সহায়তা এবং কৃষি উপকরণ ,সহায়তা কার্ড, ৩% আয়কর সহ মোট=৮,০৩,২১৫/- টাকা ব্যয় হবে। সভায় তিনি বিস্তারিত আলোচনা করেন, এবং অনুমোদনের জন্য পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় চর এলাকায় মিষ্টিকুমড়া চাষে উপকরণ সহায়তা প্রদান, কৃষক পর্যায়ে চাহিদা মাফিক সার বিতরণের জন্য কৃষি উপকরণ সহায়তা কার্ড এবং মাশরুম চাষীকে সহায়তা শীর্ষক উপ-প্রকল্প সমূহ ৩% ভ্যাট ও আয়কর সহ মোট=৮,০৩,২১৫/-টাকা দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদিত হয়, এবং উপজেলা প্রকৌশলীকে আরএফকিউ পদ্ধতি গ্রহণ করে উপজেলা উন্নয়ন তহবিল হতে বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। দাখিলকৃত প্রকল্প অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কৃষি অফিসার, উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | অক্টোবর/২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী যেমন- চিকিৎসা প্রদান, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, ঘাসের চারা বিতরণসহ সকল কাজ ভালভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালানার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪. | অক্টোবর /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। হারাগাছ পৌরসভার মানাস নদীর অংশ তিনটি এবং টেপামধুপুর ইউনিয়নের উক্ত নদীর অংশ থেকে ১২ টিসহ মোট ১৫ টি রিং জাল জব্দ করে জন সম্মখে পুড়িয়ে বিনষ্ট করা হয়। ফলে জনগণের মাঝে অবৈধ জালের ব্যবহার বিষয়ে সচেতনতা সৃষ্টি হবে বলে আশা করা যায়। আগামী মাসে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান শুরু হবে। মৎস্য খাদ্য বিক্রেতাদের ট্রেড লাইসেন্স প্রাপ্তি যেনো সহজতর হয় সে বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানদের প্রতি আহবান জানান। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালানার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সুচি | মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | | |
| ৫. | সেপ্টেম্বর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | | | | | | | | | | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাউনিয়া, রংপুর। |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর/২০২২ | ৬০৮ | ৬৯ | ৪৭১ | ১৬ | ৪৭ | ০৬ | ১৩ | ১২৩০ | |

| | | | |
|---|---|---|---|
| | | ১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।<br>৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি অনুসরণ করছেন।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এপপিআই,এফডাব্লিউ ভি,ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু রয়েছে।<br>৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী সভায় বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন ২০২২-২৩ অর্থ বছরে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ অনুমোদনের জন্য পেশ করা হলো।<br>১। শহীদবাগ ইউনিয়নের ভূতছাড়া RHD হতে Embarkment(বাধের) রাস্তার ১১০ এম চেইন এ একটি ইউড্রেন ভেঙে গেছে। উক্ত স্থানে জরুরী ভিত্তিতে নতুন একটি ইউ ড্রেণ স্থাপন করা প্রয়োজন।<br>২। রাজেন্দ্র বাজার হতে কালির হাট রাস্তার ১৪৫০ এম চেইনেজ একটি ১.৫×১.৫ এম বক্স কালভার্ট স্থাপন করা প্রয়োজন।<br>৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর আওতায় INF 2020-21-558542-01, Construction work og RCC Drain at Bhayer Hat Azamkha road under Tapamodhupur Union, Upazila- Kaunia, Dist. Ranpur প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ায় তা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে শহীদবাগ ইউনিয়নের ভূতছাড়া RHD হতে Embarkment (বাধের) রাস্তার ১১০ এম চেইন এ একটি ইউড্রেন, রাজেন্দ্র বাজার হতে কালির হাট রাস্তার ১৪৫০ এম চেইনেজ একটি ১.৫×১.৫ এম বক্স কালভার্ট স্থাপন জন্য প্রাক্কলণ প্রস্তুত করে RFQ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন করে উন্নয়ন তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর আওতায় INF 2020-21-558542-01 কাজটি সমাপ্ত হওয়ায় অনুমোদন এবং = ৪০,১৬,৩৯৩/-(ভ্যাট ও আইটিসহ)টাকার বিল ভাউচার প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল জনপ্রতিনিধি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | অক্টোবর/২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ২৮/১১/২০২২ খ্রি. তারিখে ২০২২ সালের এসএসসি, দাখিল, এসএসসি (ভোক:) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। অত্র উপজেলার ফলাফল নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

| পরীক্ষার নাম | মোট পরীক্ষার্থী | পাশের সংখ্যা | জিপিএ ৫ | শতকরা হার |
|---|---|---|---|---|
| এসএসসি | ৩২৪০ | ২৪৭৩ | ২৮১ | ৭৬.৩২% |
| দাখিল | ৪৫২ | ৩৭৭ | ১৪ | ৮০.৪০% |
| ভোকেশনাল | ২৭১ | ২৬১ | ২৬ | ৯৩.৫৪% |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, ভিজিডি তালিকা যাচাই-বাছাই করে সকল ইউনিয়ন পরিষদ হতে তালিকা প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণ কথা বলেন যা নিম্নরূপ:-<br>১। চেয়ারম্যান, কুর্শা ইউনিয়ন পরিষদ বলেন যে, ০৯টি ওয়ার্ডে ওয়ার্ড পর্যায়ে সভা করে যাচাই-বাছাই করে প্রাথমিক পর্যায়ে নির্বাচন করে তালিকা করা হবে। বাছাইকালে কার্ডের সংখ্যা বেশি হলে লটারী মাধ্যমে নির্বাচন করে স্বচ্ছ তালিকা প্রেরণ করা যেতে পারে।<br>২। চেয়ারম্যান, বালাপাড়া ইউনিয়ন বলেন যে, ভিজিডি বাছাই কার্যক্রম ওয়ার্ড পর্যায়ে ঐ ওয়ার্ডের গঠিত কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি নিয়ে সরকারি অন্যান্য কোন সুবিধা পাচ্ছে কিনা, গরীব অসহায় দেখে ভিজিডি কার্যক্রম নিয়মাবলী অনুয়ায়ী যাচাই-বাছাই করে তালিকা করা হবে, কার্ডের বেশি হলে লটারী মাধ্যমে তালিকা সম্পন্ন করা প্রয়োজন মর্মে তিনি মত প্রকাশ করেন।<br>৩। চেয়ারম্যান, শহীদবাগ ইউনিয়ন বলেন যে,ভিজিডি যাচাই-বাছাই কার্যক্রম ওয়ার্ড পর্যায়ে যাচাই করতে হবে যাতে করে একে ব্যক্তি অন্যান্য সুযোগ পাচ্ছে সে এখানে সুবিধার নেওয়ার জন্য আবেদন করেছে, যাতে করে একইব্যক্তি তালিকা নাম না আসে সেদিকে খেয়াল রাখা প্রয়োজন। যদি কেহ সুবিধা নেওয়ার জন্য টাকা পয়সা দেয় তা নিশ্চিত করে তাকে কোনভাবেই তালিকায় অর্ন্তভুক্ত করা যাবে না। অনেকের পাকাবাড়ী আছে,জমি আছে অন্যান্য সুবিধা পাচ্ছে তাদেরকে নেওয়া যাবে না। এছাড়া ট্যাগ অফিসার সাথে নিয়ে বাছাই করা প্রয়োজন মর্মে মতামত প্রকাশ করেন।<br>সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, ভিজিডি কার্যক্রম সরকারিভাবে নিয়ম মেনে প্রকৃত যারা পাওয়ার হকদার তাদেরকে নির্বাচন করতে হবে। যাতে করে কোন নিরীহ ব্যক্তি ন্যায্য অধিকার পায়। বাছাই কার্যক্রম দ্রুত গতিতে করতে হবে দেরী করা যাবে না। | সিদ্ধান্ত ঃ ভিজিডি তালিকা যাচাই-বাছাই করে স্বচ্ছ তালিকা করে জরুরী ভিত্তিতে তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়া, রংপুরকে অবহিত করতে হবে। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

.১১. কাউনিয়া থানা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | অফিসার ইনচার্জ কাউনিয়া থানা বলেন যে, কাউনিয়া বলেন যে, উপজেলার বিভিন্ন জনসমাবেশ জনগুরুত্বপূর্ণস্থানে রাজস্ব তহবিলে অর্থায়নে সিসি ক্যামেরা স্থাপন করা হলে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রন রাখা সম্ভব হবে। তিনি বিষয়টি জনগুরুত্ব হিসেবে গন্যকরে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে উপজেলা আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্র রাখার স্বার্থে জনগুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপন যা থানা কর্তৃক নিয়ন্ত্রিত হবে। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন করে আরএফকিউ পদ্ধতির মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে =২,০০,০০০/-টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী ও অফিসার ইনচার্জ কাউনিয়া থানা, রংপুর। |

১২. উপজেলা খাদ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৬. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | অক্টোবর /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কাউনিয়া, রংপুর। |

বিবিধ বিষয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে মালি পদটি দীর্ঘদিন হতে শুণ্য রয়েছে, উপজেলা পরিষদে বিভিন্ন গাছপালা,বঙ্গবন্ধু ম্যুরাল এবং উপজেলা পরিষদে ভিতর ও বাহিরে ফুলের বাগান রয়েছে রক্ষণাবেক্ষনের জন্য একজন মালি নিয়োগ করা প্রয়োজন। মালি নিয়োগের জন্য ০২জন আবেদন করেছেন। ১। মোঃ মজনু মিয়া,পিতা- মৃতঃ আব্দুল জলিল, গ্রামঃ গেন্দবালাপাড়া, ডাকঘর:কাউনিয়া, জেলাঃ রংপুর ২। মোঃ নবুন্নবী (সবুজ), পিতা- মৃতঃ আব্দুল খালেক,গ্রামঃ সারাই ডারারপাড়-ডাকঘর:হারাগাছ, কাউনিয়া, রংপুর। সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনা হয় আলোচনান্তে জনাব মোঃ মজনু মিয়া, পিতা-মৃতঃআব্দুল জলিল মাতা-মোছাঃ রোকেয়া বেগম, গ্রামঃ গেন্দবালাপাড়া, ডাকঘরঃ কাউনিয়া জেলাঃ রংপরকে মালি পদে নিয়োগ দেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার কাউনিয়াকে দায়িত্ব প্রদান করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর সর্বশেষ ০৯ নভেম্বর-২০২০ এর ৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২(অংশ)-৮৮৩ স্মারকে অফিস আদেশ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ ৩(ত) এর অনুযায়ী উপজেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করার সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ধর্ম মন্ত্রণালয় কর্তৃক উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম,০১(এক)জন,মুয়াজ্জিম(এক)জন ও খাদেশ ০২(দুই)জন নিয়োগ দেওয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা প্রয়োজন।ফলে গত-১১/১২/২২খ্রি তারিখে "দৈনিক যুগের আলো" পত্রিকায় অস্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে ভ্যাট ও আয়কর সহ মোট=৮,০৩২/-বিল দাখিল করেছেন। ধর্ম মন্ত্রণায়ের মডেল মসজিদের কোন প্রকার বরাদ্দ না থাকায় দাখিলকৃত পত্রিকার রাজস্ব তহবিল হতে বিল প্রদানের অনুমোদনের জন্য পেশ করেন। | এ বিষয়ে আলোচনান্তে ধর্ম মন্ত্রণালয় কর্তৃক উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম,০১(এক)জন,মুয়াজ্জিম(এক)জন ও খাদেম ০২(দুই)জন গত-১১/১২/২২খ্রি তারিখে "দৈনিক যুগের আলো" পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিল ভ্যাট ও আয়কর সহ মোট=৮,০৩২/-টাকা রাজস্ব তহবিল সংবাদ বিজ্ঞপ্তি প্রকাশ খাত হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , কাউনিয়া, রংপুর |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় আলোচ্য গুরুত্বপূণ বিষয়সমূহ বিস্তারিত পর্যালোচনা করে বলেন যে, বর্তমান সরকার জনবান্ধব সরকার। তিনি সরকারের কর্মকান্ডগুলি সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন, এবং সরকারী সিদ্ধান্ত বিধিঅনুসরণ উন্নয়ন কর্মকান্ড সকলকে সুষ্ঠু সুন্দরভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রমে একসাথে সকলের স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহনের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.১৯- ৮০৭/১(৫০)

তারিখঃ ০১/১২/২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ............................................................................... (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ..........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

০১/১২/২২

(তাহমিনা তারিন)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd